

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০৩৬.১২-০৪২.

তারিখ: ২৩ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর উপজেলার ১০ নং পাহাড়পুর ইউনিয়নের ৪, ৫, ৬ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব জনাব মো: ইউনুছ আলীর নামীয় নিকাহ রেজিস্ট্রি লাইসেন্স বাতিল ও প্যানেল আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৬৯৫৯/২০১৩ এর ২৪/০২/২০২১ খ্রি. তারিখের রায়ে ০২/০৭/২০১৩ খ্রি. তারিখের বিচার-৭/২এন-৩৬/২০১২-৫২৭ নং স্মারকমূলে নতুন অধিক্ষেত্র সৃজন করত জনাব মো: ইউনুছ আলীর নামীয় জারিকৃত নিয়োগাদেশ অবৈধ ঘোষণা হওয়ায় অত্র মন্ত্রণালয়ের ০২/০৭/২০১৩ খ্রি. তারিখের বিচার-৭/২এন-৩৬/২০১২-৫২৭ নং স্মারকে জারিকৃত পাহাড়পুর ইউনিয়নের ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মো: ইউনুছ আলীর নামীয় নিকাহ রেজিস্ট্রি লাইসেন্স বাতিল করা হলো।

স্বা.

(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক,

জনাব মো: ইউনুছ আলী
সাবেক নিকাহ রেজিস্ট্রার, ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড
পাহাড়পুর ইউনিয়ন, গ্রাম-অলিপুর
ডাকঘর-মুকুন্দপুর, উপজেলা-বিজয়নগর, জেলা-ব্রাহ্মণবাড়িয়া।

নং-১০.০০.০০০০.১৩১.১১.০৩৬.১২-

তারিখ: ২৩ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৪। জেলা রেজিস্ট্রার, ব্রাহ্মণবাড়িয়া (সংশ্লিষ্ট সাবেক নিকাহ রেজিস্ট্রারের নিকট হতে বিবাহ রেজিস্ট্রিকরণ সম্পর্কিত যাবতীয় রেকর্ডপত্র ও বালাম বহি সংগ্রহ করার জন্য এবং শূন্যঘোষিত এলাকায় নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত কার্য পরিচালনার জন্য বিধি মোতাবেক অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য উক্ত এলাকার সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৫। সাব-রেজিস্ট্রার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া (পাহাড়পুর ইউনিয়নের ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মো: আজিজুর রহমান অবসর গ্রহণ করায় পাহাড়পুর ইউনিয়নের ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সমন্বয়ে গঠিত অধিক্ষেত্রটি শূন্য ঘোষণা করা হলো এবং শূন্যঘোষিত অধিক্ষেত্রে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের জন্য বিধি মোতাবেক প্যানেল প্রস্তুত করত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অফিস কপি/ গার্ড ফাইল।

(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮